# জেলা পরিষদ
# নারায়ণগঞ্জ।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## জেলা পরিষদের জুন/২০২৪ সালে উন্নয়ন সমন্বয় (১১তম সভার) সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ চন্দন শীল
চেয়ারম্যান, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ
সভার স্থান ঃ জেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ৩০-০৬-২০২৪ খ্রি.
সময় ঃ সকাল ১১ : ৩০
সভার স্থান ঃ জেলা পরিষদ, নারায়ণগঞ্জ-এর সভা কক্ষ (তৃতীয় তলা)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মজিবুর রহমান | সদস্য, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ প্যানেল চেয়ারম্যান-০১ | স্বাক্ষরিত |
| ২ | মিএগ্রা আলাউদ্দিন | সদস্য, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ। | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মাসুম আহমেদ | সদস্য, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ, ওয়ার্ড নং-২ | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ আবু নাঈম ইকবাল | সদস্য, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ, সোনারগাঁ, ওয়ার্ড নং-০৩ | স্বাক্ষরিত |
| ৫ | জনাব আবুল কালাম আজাদ বিশ্বাস | উপজেলা চেয়ারম্যান, সদর উপজেলা নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | জনাব আনছর আলী | সদস্য, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ, রূপগঞ্জ, ওয়ার্ড নং-০৫ | স্বাক্ষরিত |
| ৭ | সাদিয়া আফরিন | সংরক্ষিত সদস্য, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ ওয়ার্ড নং-১ ও প্যানেল চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ৮ | জনাব মোঃ সাইফুল ইসলাম স্বপন | উপজেলা চেয়ারম্যান, আড়াইহাজার উপজেলা নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | জনাব মোঃ হাবিবুর রহমান | উপজেলা চেয়ারম্যান, রূপগঞ্জ উপজেলা নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মাহফুজুর রহমান কালাম | উপজেলা চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোঃ মাকসুদ হোসেন | উপজেলা চেয়ারম্যান, বন্দর উপজেলা নারায়ণগঞ্জ | স্বাক্ষরিত |

উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে নির্বাহী কর্মকর্তা সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার পরবর্তী কার্যক্রম পরিচালনা করেন।

**আলোচ্যসূচিঃ ০১ঃ বিষয়ঃ <u>পুর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</u>**

আলোচনাঃ নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ জেলা পরিষদের ১৫-০৫-২০২৪ খ্রি. অনুষ্ঠিত নবম সভার কার্যবিবরণী পাঠ করে সভায় উপস্থিত সদস্যদের অবহিত করেন। সভার কার্যবিবরনী নিয়ে বিস্তারিত আলোচনা ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** জেলা পরিষদের ১৫-০৫-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত নবম সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সকল সদস্য একমত পোষণ করলে কার্যবিবরণটি সভায় অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচিঃ ২ঃ <u>বিষয়ঃ ঃ জেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট অনুমোদন ও প্রস্তাব।</u>**

আলোচনা: চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে নির্বাহী কর্মকর্তা নারায়ণগঞ্জ, জেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভায় পেশ করেন। সভায় চেয়ারম্যান মহোদয় ২,৬৫,২২,৫৭,৯৯৯.৪০ (দুই শত পয়ষট্টি কোটি বাইশ লক্ষ সাতান্ন হাজার নয়শত নিরানব্বই টাকা চল্লিশ পয়সা) টাকা প্রাক্কলনে নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং টাকা ২৮০,৫৯,৫৯,৮৩২.৪০ (দুইশত আশি কোটি ঊনষাট লক্ষ উনষাট হাজার আটশত বত্রিশ টাকা চল্লিশ পয়সা) প্রাক্কলনে নারায়ণগঞ্জ জেলা পরিষরেদ ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট পেশ করেন।

সিদ্ধান্ত ঃ ২,৬৫,২২,৫৭,৯৯৯.৪০ টাকা (দুই শত পয়ষট্টি কোটি বাইশ লক্ষ সাতান্ন হাজার নয়শত নিরানব্বই টাকা চল্লিশ পয়সা) প্রাক্কলনে নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২৮০,৫৯,৫৯,৮৩২.৪০ টাকা (দুইশত আশি কোটি ঊনষাট লক্ষ উনষাট হাজার আটশত বত্রিশ টাকা চল্লিশ পয়সা) প্রাক্কলনে নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে অনুমোদন ও তা পরবর্তী কার্যার্থে স্থানীয় সরকার বিভাগে প্রেরনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>আলোচ্যসূচিঃ ৩ঃ বিবিধ।</u>**

**বিবিধঃ ০১ঃ <u>বিষয়ঃ জেলা পরিষদ হতে দৃশ্যমান প্রকল্প বাস্তবায়নের বিষয়ে আলোচনা।</u>**

আলোচনা: সভায় নির্বাহী কর্মকর্তা জানান যে, জেলা পরিষদ হতে খুব অল্প বরাদ্দে যেমন, ২/৩ লক্ষ টাকায় যে সকল রাস্তার প্রকল্প গ্রহন করা হয়েছে, বাস্তবে তা কার্যকরভাবে বাস্তবায়নের ক্ষেত্রে ঘাটতি পরিলক্ষিত হয়। এজন্য তিনি এত অল্প বরাদ্দে কোন রাস্তার প্রকল্প গ্রহন না করার জন্য সহকারী প্রকৌশলীসহ সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তিনি সভায় আরো বলেন প্রকল্প গ্রহনের ক্ষেত্রে প্রয়োজনীয়তার বিষয়টিকে বিবেচনায় রেখে যথাসম্ভব দৃশ্যমান ও জনগুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ গ্রহনের জন্য অনুরোধ করেন। এসময় জেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় বলেন সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যানদের সাথে আলোচনা করে ছোট ও কম গুরুত্বপূর্ন প্রকল্প পরিহার করে যথাসম্ভব দৃশ্যমান ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

সিদ্ধান্ত ঃ আলোচনায় উপস্থিত সকলে একমত পোষন করে, যথাসম্ভব ক্ষুদ্র প্রকল্প পরিহার করে জনস্বার্থে দৃর্শ্যমান ও জনগুরুত্বপূর্ন প্রকল্প গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধঃ ০২ ঃ <u>বিষয় ঃ জেলা পরিষদের মালিকানাধীন জমি সংক্রান্ত আলোচনা।</u>**

আলোচনা: সভায় জেলা পরিষদের সদস্য মিঞা আলাউদ্দিন জানান যে, আড়াই হাজার উপজেলায় নারায়ণগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন যে সকল জমি আছে তা চিহ্নিতপূর্বক একটি পূর্ণাঙ্গ তালিকা করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে, নিবার্হী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এ কার্যালয়ের সার্ভেয়ারকে নারায়ণগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন সকল জমির তালিকা আগামী সভার পূর্বেই প্রণয়ন করার জন্য বলেন।

**সিদ্ধান্ত ঃ** আগামী সভার পূবেই এ কার্যালয়ের সার্ভেয়ার নারায়ণগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন সকল জমির একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করবেন।

AnyScanner

**বিবিধঃ ০৩ ঃ বিষয় ঃ জেলা পরিষদের মালিকানাধীন ফ্ল্যাট ও বাণিজ্যিক স্পেস ভাড়া সংক্রান্ত আলোচনা।**

আলোচনা: সভায় চেয়ারম্যান মহোদয় জানান যে, চাষাড়াস্থ, রুপায়ন এস বেলী টাওয়ারে জেলা পরিষদের মালিকানাধীন ৮টি ফ্ল্যাট ও ১ টি বানিজ্যিক স্পেসে বর্তমানে যে সকল ভাড়াটিয়া আছে তাদের সাথে শীঘ্রই চুক্তিনামা সম্পাদনপূর্বক যথাযথভাবে ভাড়া আদায়ের জন্য এ কার্যালয়ের প্রধান সহকারী ও সার্ভেয়ারকে নির্দেশ দেন। ভাড়া যথাযথভাবে আদায় ও পরিষদের তহবিলে জমা হয়েছে কিনা সে বিষয়টি এ কার্যালয়ের হিসাবরক্ষক তদারকি করবেন।

সিদ্ধান্ত ঃ আগামী সভার পূর্বে এ সংক্রান্ত চুক্তিনামা সম্পাদন করতে হবে।

**বিবিধঃ ৪ ঃ বিষয় ঃ অত্রাফিসের প্রধান সহকারীর নিকট হতে সরকারী অর্থ আদায় সংক্রান্ত।**

আলোচনা: সভায় জেলা পরিষদের সদস্য মিঞা আলাউদ্দিন জানান যে, জেলা পরিষদের প্রধান সহকারী মোঃ রেজাউল করিম এর নিকট হতে সরকারের পাওনা ৪৭,৯১,৫৪৭/-(সাতচল্লিশ লক্ষ একানব্বই হাজার পাচঁশত সাতচল্লিশ) টাকা দীর্ঘদিন যাবত পরিশোধ করছেন না। তিনি অতিদ্রুত এ টাকা পরিশোধ করার জন্য বলেন। এপ্রেক্ষিতে অত্রাফিসের প্রধান সহকারী জানান যে, এতগুলো টাকা একসাথে পরিশোধ করার সামর্থ্য আমার নেই বিধায় দীর্ঘদিন যাবৎ আমি আমার অন্য একটি সম্পদ বিক্রি করে উক্ত টাকা পরিশোধের চেষ্টা করে যাচ্ছি। কিন্তু আমি উপযুক্ত ক্রেতা পাচ্ছি না বলে সম্পদটি বিক্রি করতে পারছি না। এ সময় প্রধান সহকারী জানান যে, আগামী সভার পূর্বে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা পরিশোধ করবো, বাকী ৩৭,৯১,৫৪৭/-(সাইত্রিশ লক্ষ একানব্বই হাজার পাচঁশত সাতচল্লিশ) টাকা ০৫ টি কিস্তিতে পরিশোধ করার জন্য সুযোগ প্রার্থনা করছি।

সিদ্ধান্তঃ আগামী সভার পূর্বে এ কার্যালয়ের প্রধান সহকারী থেকে সরকারি পাওনা ৪৭,৯১,৫৪৭/-(সাতচল্লিশ লক্ষ একানব্বই হাজার পাচঁশত সাতচল্লিশ) টাকা হতে ১০,০০,০০০/-(দশ লক্ষ) প্রদান করবেন বাকী ৩৭,৯১,৫৪৭/-(সাইত্রিশ লক্ষ একানব্বই হাজার পাচঁশত সাতচল্লিশ) টাকা ০৫ টি কিস্তিতে পরবর্তী ০৫(পাচঁ) মাসের মধ্যে পরিশোধ করবেন।

**বিবিধ ঃ ৫ঃ বিষয়: ২০১৯-২০২০, ২০২০- ২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের চলমান প্রকল্পের কার্যাদেশ বাতিল সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।**

আলোচনা ঃ সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) জেলা পরিষদ, নারায়ণগঞ্জ সভাকে জানান যে, ২০১৯-২০২০, ২০২০- ২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের নিম্নবর্ণিত প্রকল্পগুলি ঠিকাচুক্তি স্বাক্ষরিত হওয়ার পর হতে দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরেও ঠিকাদার কাজগুলি বাস্তবায়নে ব্যর্থ হয়েছে। বার বার তাগিদ প্রদানের পরেও ঠিকাদারগণ কাজগুলি বাস্তবায়নের বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করেননি। কাজগুলি বাস্তবায়নের লক্ষ্যে "পাবলিক প্রকিউরমেন্ট এর বিধি-৪২" মোতাবেক ঠিকাদার চুক্তি পরিপন্থী। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ঠিকাদারগণের কার্যাদেশ বাতিল করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

| ক্রমিক নং | উপজেলা | প্রকল্পের নাম | অর্থ বছর | বরাদ্দের পরিমান |
|---|---|---|---|---|
| ০১। | নারায়ণগঞ্জ সদর | সদর উপজেলাধীন মিজমিজি টিসি রোড হইতে মাদ্রাসা রোড পর্যন্ত রাস্তার অসমাপ্ত কাজ সমাপ্ত করণ। | ২০২১-২০২২ | ৩,০০,০০০/- |
| ০২। | সোনারগাঁ | সোনারগাঁ উপজেলাধীন আব্দুল আউয়াল জামে মসজিদ উন্নয়ণ। | ২০২১-২০২২ | ৪,০০,০০০/- |

SCAN AnyScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | সোনারগাঁ | সোনারগাঁ উপজেলাধীন সনমান্দী ইউনিয়নের নোয়ানগর খোরশেদের বাড়ী হইতে বাগবাড়ী মহব্বত আলীর বাড়ী পর্যন্ত রাস্তা আর সি সি করণ। | ২০১৯-২০২০ | ৪৬,৯৫,৯৯৯/- |
| ০৫। | সোনারগাঁ | সোনারগাঁ উপজেলাধীন দড়িকান্দি ঈদগাহ পাকা করণ। | ২০১৯-২০২০ | ১০,০০,০০০/- |
| ০৬। | নারায়ণগঞ্জ সদর | সদর উপজেলাধীন আলীগঞ্জ, কতুবপুর, ফতুল্লা গ্রামের ড্রেন নির্মাণ। | ২০২১-২০২২ | ৩৫,০০,০০০/- |
| ০৭ | বন্দর | বন্দর উপজেলাধীন লাঙ্গলবন্দ ঘাটলার অসমাপ্ত কাজ সমাপ্ত করণ | ২০১৯-২০২০ | ৩৩,১০,০০০/- |
| ০৮। | নারায়ণগঞ্জ সদর | (ক)সদর উপজেলাধীন অসহায় দুস্থ বেকার যুবতীদের মাঝে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ২৫ টি সেলাই মেশিন বিতরণ। (খ) সদর উপজেলাধীন অসহায় দুস্থ বেকার যুবকদের মাঝে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ১০ টি ভ্যান গাড়ী বিতরণ। (গ) দক্ষিণ মজিব বাগ বায়তুর রহমান জামে মসজিদের পূর্ব পাশ্বের সীমানায় নিরাপত্তা ওয়াল নির্মাণ কাজ। | ২০২১-২০২২ | ৮,০০,০০০/- |
| ০৯ | নারায়ণগঞ্জ সদর | সদর উপজেলাধীন কবি মহিউদ্দিন সাহেবের বাড়ী হইতে আঃ মান্নান শেখ সাহেবের বাড়ী পর্যন্ত এবং আবু বক্কর মোল্লা সাহেবের বাড়ী হইতে মোঃ পনির সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ২০২০-২০২১ | ২৬,৬৫,০০০.০০ |

সিদ্ধান্ত ঃ উল্লিখিত প্রকল্পগুলির বিষয়ে "পাবলিক প্রকিউরমেন্ট এর বিধি-৪২" মোতাবেক ঠিকাদারগণের কার্যাদেশ বাতিল করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন এবং উক্ত টাকার বিপরীতে পরবর্তীতে স্কীম/প্রকল্প গ্রহণের বিষয়েও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ ঃ ৬ ঃ বিষয়ঃ বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্পের প্রাক্কলন সংশোধন করে রিকাষ্ট প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।**

আলোচনা: সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, নারায়ণগঞ্জ জেলা পরিষদের গৃহীত প্রকল্পগুলির মধ্যে বিভিন্ন জটিলতার কারণে নিম্ন বর্ণিত প্রকল্পটির প্রাক্কলন রিকাষ্ট করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। প্রকল্পের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | রিকাষ্ট অনুযায়ী প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | রূপগঞ্জ উপজেলাধীন তারাব পৌরসভার আওতাধীন বরার হইতে মোগ্রাকুল রাস্তার মধ্যস্থলে বাহার আলীর বাড়ি হইতে আরিফের দোকান পর্যন্ত আর সিসি দ্বারা রাস্তা নির্মাণ কাজ। | ১,০০,০০,০০০/- | ১,০০,০০,০০০/- | বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্পটি রিকাষ্ট করা হবে। |

**সিদ্ধান্ত ঃ** উল্লিখিত প্রকল্পটি বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ রেখে বিধি বিধান অনুযায়ী রিকাষ্ট প্রাক্কলন বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

SCAN AnyScanner

বিবিধ ঃ ৭ ঃ <u>বিষয়: এডিপি বরাদ্দ দ্বারা স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।</u>

আলোচনা: নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ সভাকে জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি বিশেষ বরাদ্দ দিয়ে নিম্নবর্ণিত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য প্রেরণ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পগুলি জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | মন্ত্রণালয়ের অনুমোদনের স্বারক |
|---|---|---|---|
| ১ | সোনারগাঁ উপজেলাধীন শম্ভুপুরা ইউনিয়নে অবস্থিত "মুগারচর ঈদগাহ" মাঠের (ওয়াকফকৃত) চর্তুদিকে পাকা বাউন্ডারী নির্মাণ। | ৩,০০,০০০/- | স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.২৩.১০৭১ তারিখ: ১৩ জুন/২০২৪ খ্রি. |
| ২ | সোনারগাঁ উপজেলাধীন টেকপাড়া জামে মসজিদ বায়তুল আলা"র ছাদ থেকে ৩০ (ত্রিশ) ফুট উঁচু মিনার ও মুসুল্লিদের ব্যবহারের জন্য প্রসাবখানা-পায়খানা নির্মাণ এবং মসজিদের ভবনের মেরামত/সংস্কার। | ৩,০০,০০০/- | স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.২৩.১০৭৩ তারিখ: ১৩ জুন/২০২৪ খ্রি. |
| ৩ | নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও থানাধীন শম্ভুপুরা ইউনিয়নের চরকিশোরগঞ্জ পঞ্চায়েত কবরস্থান এর বাউন্ডারী ওয়াল নির্মাণ/সংস্কার। | ২,০০,০০০/- | স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.২৩.৬৯৭ তারিখ: ৪ জুন/২০২৪ খ্রি. |
| ৪ | মোসাঃ হালিমা খাতুন, পিতা- মুজাফ্ফর হোসেন, মাতা- মিছরি বিবি, শিমরাইল জহুরার বাড়ি, সানারপাড়, শিমরাইল, নারায়ণগঞ্জ এর অনুকূলে মুজিব শতবর্ষের ঘর প্রদান। | ৭,০০,০০০/- | স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.২৩(অংশ-১).১০৪৫ তারিখ: ১৩জুন/ ২০২৪ খ্রি. |

**সিদ্ধান্ত ঃ** উল্লিখিত প্রকল্পটি জরুরীভিত্তিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ ঃ ৮ ঃ <u>বিষয়: এডিপি বিশেষ বরাদ্দ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।</u>**

**আলোচনা:** নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ সভাকে জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি বিশেষ বরাদ্দ দিয়ে মাননীয় সংসদ সদস্য নারায়ণগঞ্জ-০৪ মহোদয়ের অনুকুলে (১,০০,০০,০০০+১,০০,০০,০০০)=২,০০,০০,০০০/-(দুই কোটি) ও মাননীয় সংসদ সদস্য (হুইপ) নারায়ণগঞ্জ-০২ মহোদয়ের অনুকুলে ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করেন। যার বিবরণ নিম্নরূপ বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প দাখিলের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়গণ বরাবর পত্র প্রেরনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | মন্ত্রণালয়ের অনুমোদনের স্বারক |
|---|---|---|---|
| | নারায়ণগঞ্জ -৪ আসনের সদর সদর উপজেলায় রাস্তা-ঘাট, ড্রেন নির্মাণসহ বিভিন্ন অবকাঠামো উন্নয়ন। | ১,০০,০০,০০০/- | স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.৬৭০০.০৪২.১৪.০৮৩.২৩.২৩৬ তারিখ: ১৮ ফেব্রুয়ারি/২০২৪ খ্রি. |
| ১ | মাননীয় সংসদ সদস্য নারায়ণগঞ্জ -০৪ এর অভিপ্রায়/ পরামর্শ অনুযায়ী প্রকল্প গ্রহণ | ১,০০,০০,০০০/- | স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.২৩ (অংশ-১) ৯১৯তারিখ: ১২জুন/২০২৪ খ্রি. |
| ২ | জনাব মোঃ নজরুল ইসলাম বাবু, মাননীয় সংসদ সদস্য (হুইপ) নারায়ণগঞ্জ -০২ এর | ৫০,০০,০০০/- | স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.২৩ (অংশ-১) ৯১৯ তারিখ: ১২ জুন/২০২৪ খ্রি. |

**সিদ্ধান্ত:** মাননীয় সংসদ সদস্য মহোদয়গণ বরাবর প্রকল্প দাখিলের জন্য পত্র প্রেরনের সর্বসম্মত সিদ্ধান্ত

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.০৭.২০২৪

(চন্দন শীল)
চেয়ারম্যান
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ

স্মারক নং: জেঃ পঃনাঃগঞ্জ/৫০সাঃ প্রঃ /২০২১-২০২২/ ৩০৮

তারিখঃ ১৪-০৭-২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা;
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ;
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নারায়ণগঞ্জ;
৬। উপজেলা চেয়ারম্যান, নারায়ণগঞ্জ সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার উপজেলা, নারায়ণগঞ্জ;
৭। উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার উপজেলা, নারায়ণগঞ্জ;
৮। জনাব---------------------------------------------------------(সদস্য) জেলা পরিষদ, নারায়ণগঞ্জ;
৯। মেয়র/প্রশাসক, তারাব পৌরসভা/কাঞ্চন পৌরসভা/সোনরগাঁ পৌরসভা/গোপালদী পৌসভা/আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ;
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, তারাব পৌরসভা/কাঞ্চন পৌরসভা/সোনরগাঁ পৌরসভা/গোপালদী পৌসভা/আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ এবং
১১। অফিস কপি ;

১৪।৭।২০২৪

(হোসনে আরা বেগম)
নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ

জেলা পরিষদ সাধারণ সভা জুন/২০২৪ সালের উপস্থিতি সিট

সভাপতি: চন্দন শীল

চেয়ারম্যান

জেলা পরিষদ, নারায়ণগঞ্জ

সভার তারিখ ঃ ৩০-০৬-২০২৪ খ্রি.।

সভার সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ জেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর (জেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১ | মো: আজিজুর রহমান | প্যানেল চেয়ারম্যান | [স্বাক্ষর] | 0167800[illegible] |
| ২ | [illegible] মো: আনোয়ার | ,, | [স্বাক্ষর] | 01715190959 |
| ৩ | মাসুম আহমেদ | সদস্য | [স্বাক্ষর] | 01712402520 |
| ৪ | মো: আবু নাঈম ইকবাল | সদস্য ৩নং ওয়ার্ড | [স্বাক্ষর] | 01715289957 |
| ৫ | আবুল কালাম আজাদ বিশ্বাস | উপজেলা চেয়ারম্যান নারায়ণগঞ্জ সদর | [স্বাক্ষর] | 01711498595 |
| ৬ | [illegible] আলী | সদস্য রূপগঞ্জ উপজেলা চেয়ারম্যান | [স্বাক্ষর] | 01712668866 |
| ৭ | সাদিয়া আফরিন | সদস্য সংরক্ষিত ১ | [স্বাক্ষর] | 01687834203 |
| ৮ | মো: সাইফুল ইসলাম স্বপন | চেয়ারম্যান আড়াইহাজার উপজেলা | [স্বাক্ষর] | 01713030586 |
| ৯ | মো: মাহবুবুর রহমান | চেয়ারম্যান সোনারগাঁও উপজেলা | [স্বাক্ষর] | 01713118699 |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | মাহমুদুর রহমান কালাম | চেয়ারম্যান [illegible] | Kalam | 01715711411 |
| ১১ | মো: মিজানুর রহমান | 〃 | [signature] | 01872081905 |
| ১২ | | | | |
| ১৩ | | | | |
| ১৪ | | | | |
| ১৫ | | | | |
| ১৬ | | | | |
| ১৭ | | | | |
| ১৮ | | | | |
| ১৯ | | | | |
| ২০ | | | | |
| ২১ | | | | |
| ২২ | | | | |